# মাধু / মহাকাশের দূত

১০| মাস্তাবা শব্দের অর্থ কি ?

— সমাধি ।

১১| প্রত্নতাত্ত্বিক দল নিয়ে কে মাস্তাবা খোঁড়ার কাজ শুরু করেছিলেন ?

— আমেরিকান ধনী ও শখের প্রত্নতত্ত্ববিদ গিডিয়ন মর্গেনস্টার্ন ।

১২| মর্গেনস্টার্ন মাস্তাবা থেকে কোন মূল্যবান জিনিস পান ?

— একটি প্যাপাইরাসের দলিল ।

১৩| প্যাপাইরাস কি ?

— একটি বিশেষ গাছের আঁশ দিয়ে তৈরি পাতলা কাগজ ।

১৪| দৈববাণীকে ইংরিজিতে কি বলে ?

— ওর‍্যাকল্‌স ।

১৫| নস্ত্রাদামুস কে ?

— ফ্রান্সের দৈবজ্ঞ । তাঁর ৫০০বছর আগের এক হাজার ভবিষ্যৎবাণীর অনেকগুলিই নাকি পরবর্তীকালে ফলে গেছে ।

১৬| মর্গেনস্টার্নের পাওয়া প্যাপাইরাসটির বিশেষত্ব কি ছিল ?

— মর্গেনস্টার্নের প্যাপাইরাসেও অনেক ভবিষ্যৎবাণী ছিল । কিন্তু এটিতে বলা ছিল অন্য সৌরজগতের একটি মাত্র গ্রহে মনুষ্যের মতো এবং তারা মনুষ্যের থেকেও উন্নত । তারা নাকি পাঁচ বছর অন্তর পৃথিবীতে এসে মনুষ্যের সভ্যতাকে খানিকটা করে অগ্রসর করে দেয় । এই বার্তাটির জন্যই মর্গেনস্টার্নের পাওয়া প্যাপাইরাসটি মূল্যবান হয়ে উঠেছিল ।

১৭| মর্গেনস্টার্ন এই প্যাপাইরাসটি সংগ্রহ করেন কিভাবে ?

— কায়রোর সংগ্রহশালার অধ্যক্ষকে বলে কয়ে ব্যক্তিগত সংগ্রহের জন্য প্যাপাইরাসটি মর্গেনস্টার্ন আদায় করেন ।